

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫২. ফকীহগণের ইখতিলাফ বা মতবিরোধ

بَابُ اخْتِلَاف الْفُقَهَاءِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ عَنْ الْمَسْعُودِيِّ عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ مَا أُحِبُّ أَنَّ أَصْحَابَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَخْتَلِفُوا فَإِنَّهُمْ لَوْ اجْتَمَعُوا عَلَى شَيْءٍ فَتَرَكَهُ رَجُلُ تَرَكَ السُّنَّةَ وَلَوْ اخْتَلَفُوا فَأَخَذَ رَجُلُ بِقَوْلِ أَحَدٍ أَخَذَ بِالسُّنَّةِ وَلَوْ اخْتَلَفُوا فَأَخَذَ رَجُلُ بِقَوْلِ أَحَدٍ أَخَذَ بِالسُّنَّةِ إِلسَّاده ضعيف لضعف عبد الرحمن بن عبد الله بن عتبة المسعودي

বাংলা

৬৫১. আউন ইবনু আব্দুল্লাহ রাহি, বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ মতবিরোধ না করুনএটি আমার নিকট পছন্দনীয় নয়। কারণ, যদি তারা কোনো একটি বিষয়ের উপর ঐকমত্য পোষণ করতেন, আর
কোনো লোক সেটি পরিত্যাগ করতো, তাহলে এর দ্বারা সে সুন্নাতকেই পরিত্যাগ করে বসতো। আর যেহেতু তারা
তারা মতভেদ করেছেন, ফলে সেই বিষয়ে যদি কোনো লোক তাঁদের কোনো একজনের মতামত অবলম্বন করে,
তবে সে (এর দ্বারা) সুন্নাতকেই আঁকড়ে ধরেছে (বলে গণ্য)।[1]

ফুটনোট

[1] তাহক্রীক: এর সন্দ যয়ীফ। আব্দুর রহমান ইবনু আব্দুল্লাহ ইবনু উত্তবাহ আল মাসউদী যয়ীফ।

তাখরীজ: পূর্বের টীকাটি দেখুন। (মুহাক্বিক কোনো তাখরীজ করেননি-অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আউন ইবনু আব্দুল্লাহ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন